

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়ন

ন্যাশনাল ফিশওয়ার্কস ফোরাম (NFF) অনুমোদিত

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং- ২৩২১৯

কাঁথি-১ নং ব্লক শাখা

২৭/১১/ ২০১৪

প্রতি -

সমষ্টিউন্নয়ন আধিকারিক-

কাঁথি-১ নং ব্লক

কাঁথি, পূর্ব-মেদিনীপুর

মহাশয়,

ইতিপূর্বে আমরা, মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেন্ডর ইউনিয়নের কাঁথি-১ নং ব্লক শাখার পক্ষ থেকে আপনার কাছে গত ২৪/০৭/২০১২ তারিখে মৎস্যদপ্তরের সূত্রে অবগত হয়ে দরিদ্র মৎস্যভেণ্ডরদের জন্য গীতাঞ্জলী আবাসন প্রকল্পের জন্য একটি উপভোক্তা তালিকাসহ আবেদন পত্র, গত ১৯/০৩/২০১৩ তারিখে স্মারকলিপি ব্লক সভাপতি, ব্লক এফ.ই.ও., বি.ডি.ও. দপ্তরে দীর্ঘদিনের দাবীদাওয়া সম্বলিত স্মারকলিপি, গত ১১/১১/২০১৩ তারিখে পাইলিন বডে ক্ষতিগ্রস্ত কিছু মৎস্যভেণ্ডরদের তালিকাসহ ক্ষতিপূরণ চেয়ে আবেদন, গত ৩০/১২/২০১৩ তারিখে ব্লকে আসা ঠান্ডাবাক্সসহ জিনিসপত্রের সুষ্ঠু বিতরণের আবেদন (এফ.ই.ও., সভাপতিসহ), ১৩/০১/২০১৩ তারিখে ব্লক কর্মাধ্যক্ষের নির্দেশ মত একটি উপভোক্তার নাম দিয়ে আবেদন করা হয় (উল্লিখিত আবেদনপত্রগুলির অনুলিপি জুড়ে দেওয়া হল)।

অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, ব্লকের একমাত্র রেজিস্টার্ড ইউনিয়ন হওয়া সত্ত্বেও আপনার প্রশাসনের তরফে এই বিষয়ে কোনরকম সদর্থক পদক্ষেপ আমরা দেখতে পাইনি। দাবীদাওয়াগুলি পূরণে - এমনকি মৎস্য কার্যকরী ব্যবস্থা নেওয়া দূরস্থানভেন্ডরদের জন্য যে সরকারি সহায়তাগুলি ব্লক প্রশাসনের কাছে এসেছে সেগুলি বিতরণের ক্ষেত্রে ইউনিয়নের দেওয়া মৎস্য ভেন্ডরদের তালিকাটিকে সম্পূর্ণ অগ্রাহ্য করা হয়েছে। সংকীর্ণ পক্ষপাতিত্বের মাধ্যমে মৎস্য ভেন্ডর নয় বা আংশিক সময়ের জন্য অনিয়মিত ব্যবসা করে এমন লোকদের সরকারি সহায়তা পাইয়ে দেওয়া হয়েছে। প্রকৃত ও অভাবি মৎস্য ভেন্ডররা বঞ্চিত হচ্ছেন। আমরা অবিলম্বে এই অন্যায্য অবিচারের কারণ জানতে চাই।

এর সাথে আমরা কাঁথি-১ নং ব্লকের প্রকৃত উপকূলীয় মৎস্য ভেন্ডরদের একটি নতুন পরিবর্ধিত তালিকা পেশ করছি ও এই তালিকাভুক্ত মৎস্য ভেন্ডরদের মধ্যে সরকারি সহায়তা বিতরণের দাবি জানাচ্ছি।


মৎস্য ভেন্ডরদের উপর দীর্ঘ অন্যায্য অবহেলা অসহনীয় পর্যায়ে পৌঁছেছে। এরপরও সুরাহা না হলে মৎস্য ভেন্ডররা এর প্রতিকারে আন্দোলনের পথে যেতে বাধ্য হবেন এবং এর জন্য আপনার প্রশাসনই দায়ী থাকবে।

আমাদের দাবী

- অবিলম্বে জাতীয় মৎস্যভেন্ডর নীতি প্রণয়ন করতে হবে।
- সুদখোর মহাজনের হাত থেকে বাঁচাতে মৎস্য ভেন্ডরদের স্বল্পসুদে ব্যবসার মূলধন দিতে হবে।
- মাছ বিক্রির জন্য উপযুক্ত সুবিধাযুক্ত বাজারের ব্যবস্থা করতে হবে।

- মৎস্য ভেঁড়রদের জন্য সাইকেল, মোটর সাইকেল ইত্যাদি পরিবহন যানের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেঁড়রদের জন্য আধুনিক ওজন যন্ত্র, মাছ সংরক্ষণের ঠান্ডা বাস্ক ও মাছ বিক্রির আধুনিক ট্রে দিতে হবে।
- মৎস্যভেঁড়রদের জন্য সরকারি প্রকল্প ও সুযোগসুবিধা মৎস্যভেঁড়র সংগঠনের অংশগ্রহণের - ভিত্তিতে নির্ণয় ও বণ্টন করতে হবে।
- সমস্ত উপকূলীয় মৎস্য ভেঁড়রদের সেভিংস কাম রিলিফ স্কিম-এর আওতায় আনতে হবে।
- উপকূলীয় মৎস্য ভেঁড়রদের আর্থিক স্বশক্তিকরণের স্বার্থে মেরিন কো-অপারেটিভ সোসাইটি গঠনের অনুমতি দিতে হবে এবং মৎস্য ভেঁড়রদের স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য ব্যাংক ঋণ সুনিশ্চিত করতে হবে।
- অবিলম্বে মৎস্য ভেঁড়রদের জন্য বার্ষিক্যভাষা চালু করতে হবে।
- মৎস্যভেঁড়রদের জীবন ও স্বাস্থ্য বীমা প্রকল্প চালু করতে হবে।
- মৎস্য ভেঁড়রদেরকে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর জন্য সরকারী আবাসন প্রকল্পের আওতায় আনতে হবে।
- মৎস্য ভেঁড়রদের নির্মানকর্মীদের মতো সামাজিক সুরক্ষার আওতায় আনতে হবে।
- মৎস্য ভেঁড়রদের উপর তোলাবাজ-চাঁদাবাজদের অত্যাচার বন্ধ করতে হবে।


-বিনীত




সুজয় কৃষ্ণ জানা
সহ-সভাপতি

অচিন্ত্য প্রামানিক
সম্পাদক


মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেঁড়র ইউনিয়ন


জবা বর্মন
সভাপতি


নন্দদুলাল জানা
সম্পাদক

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেঁড়র ইউনিয়ন

কাঁথি-১ নং ব্লক শাখা


২৭/৩/২০১৪

সাধারণ সম্পাদক,

দক্ষিণবঙ্গ মৎস্যভেঁড়র ফোরাম (DMFC)